

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, ফেব্রুয়ারি ৬, ২০১৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জাতীয় রাজস্ব বোর্ড  
[মূল্য সংযোজন কর]  
আদেশ

তারিখ, ১০ মাঘ ১৪২০ বঙ্গাব্দ/২৩ জানুয়ারি ২০১৪ খ্রিস্টাব্দ

নং ০২/মূসক/২০১৪—যেহেতু, বাংলাদেশ জাতীয় সংসদের সর্বদলীয় সংসদীয় গ্রুপসমূহের (এপিপিজিস) উদ্যোগে গত ১০-১১ ডিসেম্বর, ২০১২ ঢাকায় অনুষ্ঠিত জাতিসংঘ ঘোষিত সহশ্রাব্দ উন্নয়ন লক্ষ্যসমূহের অগ্রগতি পর্যালোচনা এবং এমডিজি-২০১৫ পরবর্তী উন্নয়ন পরিকল্পনা বিষয়ক এশীয় অঞ্চলের সংসদ সদস্যদের সম্মেলন অনুষ্ঠিত হয় এবং উক্ত সম্মেলনে ২২টি দেশের প্রায় ১৩০ জন বিদেশী প্রতিনিধি অংশগ্রহণ করেন এবং ইহা একটি জাতীয় গুরুত্বপূর্ণ অনুষ্ঠান;

যেহেতু, জাতিসংঘ মিলেনিয়াম ক্যাম্পেইন (ইউএনএমসি) এবং জনসংখ্যা ও উন্নয়ন বিষয়ক এশীয় সংসদীয় ফোরাম (এএফপিপিডি) উক্ত সম্মেলনের সকল আর্থিক সহযোগিতা প্রদান করিয়াছে এবং সম্মেলনের পূর্বে জাতীয় সংসদের এপিপিজিস এবং জাতিসংঘ মিলেনিয়াম ক্যাম্পেইন এর মধ্যে স্বাক্ষরিত চুক্তিতে ব্যয়ের জন্য প্রদেয় অর্থ মূসক ব্যতীত প্রদান করা হইবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হইয়াছে;

সেহেতু, জাতীয় রাজস্ব বোর্ড, জনস্বার্থের গুরুত্ব বিবেচনায় মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ এর ধারা ১৪(২) এর ক্ষমতাবলে, এপিপিজিসকে আলোচ্য ক্ষেত্রে সোনারগাঁও হোটেল কর্তৃক প্রদত্ত সেবার বিপরীতে প্রযোজ্য মূল্য সংযোজন কর হইতে অব্যাহতি প্রদান করিল।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

মোঃ শওকাত হোসেন  
প্রথম সচিব (মূসক-অব্যাহতি)।

মোঃ নজরুল ইসলাম (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।  
আবদুর রশিদ (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,  
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site : www.bgpress.gov.bd

(৪১৯৫)

মূল্য : টাকা ৪.০০